ভোরের কাগজ


তারিখ 05.OCT 1998
পৃষ্ঠা ২ কলাম ৭


12

# [illegible]ত ছাত্রছাত্রীদের বিশেষ সুবিধা দিতে শিক্ষামন্ত্রীকে স্মারকলিপি

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক** : বন্যাদুর্গত ছাত্রছাত্রীদের শিক্ষাজীবন সচল রাখতে তাদের বিশেষ সুবিধা প্রদানের ৫ দফা দাবিতে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের নেতাকর্মীরা গতকাল রোববার শিক্ষামন্ত্রীকে স্মারকলিপি দিয়েছে। দাবিগুলোর মধ্যে রয়েছে : জুলাই থেকে ডিসেম্বর পর্যন্ত ছাত্রছাত্রীদের বেতন মওকুফ, বিনামূল্যে শিক্ষা উপকরণ সরবরাহ, দুর্গত ছাত্রছাত্রীদের অভিভাবকদের জন্য রেশনিঙের ব্যবস্থা ও ক্ষতিগ্রস্ত স্কুল-কলেজগুলো দ্রুত মেরামত করা।

স্মারকলিপি প্রদান উপলক্ষে ছাত্রফ্রন্টের একটি মিছিল সচিবালয় অভিমুখে যাত্রা করে। মিছিলটি হাইকোর্ট মাজারের কাছে পৌছুলে পুলিশের বাধার মুখে তাৎক্ষণিক এক সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি নূরুল ইসলাম, সহসভাপতি মিজানুর রহমান পলাশ ও সাধারণ সম্পাদক সাইফুর রহমান তপন। সমাবেশ থেকে নেতৃবৃন্দ ১৫ অক্টোবর দেশব্যাপী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিক্ষোভ মিছিল এবং ২৫ অক্টোবর ঢাকায় শিক্ষাভবন ও দেশব্যাপী জেলা ও থানা প্রশাসকের কার্যালয় ঘেরাও কর্মসূচি ঘোষণা করেন।